

এইচ এস সি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড)

বিষয় : বাংলা ২য় পত্র (সৃজনশীল)

বিষয় কোড: ১০২

সময়: ৩ ঘন্টা

পূর্ণমান: ১০০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দৃষ্ণীয়।]

১। (ক) বাংলা 'এ' ধ্বনি উচ্চারণের ৫টি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো পাঁচটি শব্দের উচ্চারণ লেখ।

অভিজাত, একাডেমি, বৈশাখ, সত্য, আহ্বান, গ্রীষ্ম, প্রশ্ন।

২। (ক) অ-তৎসম শব্দ সম্পর্কিত বাংলা বানানের পাঁচটি নিয়ম উদাহরণসহ উল্লেখ কর। ৫

অথবা, (খ) যেকোনো পাঁচটি শব্দের শুদ্ধ বানান লেখ :

অত্যাশু, ঔজ্জল্য, আকাংখা, স্বরস্বতী, নূন্যতম, দৈন্যতা, ষ্টোর।

৩। (ক) বিশেষণ পদ কাকে বলে? বিশেষণ পদের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিচের বাক্যগুলো থেকে অনুসর্গ নির্দেশ কর : (যেকোনো ৫টি) :

(i) সবার উপরে মানুষ সত্য, তাহার উপরে নাই।

(ii) সকলের তরে সকলে আমরা।

(iii) দুঃখ বিনা সুখ লাভ হয় কি মহীতে?

(iv) ভুলবশত তোমার জন্য টাকা আনা হয়নি।

(v) সুখের লাগিয়া এ ঘর বাঁধিনু।

৪। (ক) 'উপসর্গের অর্থবাচকতা নেই, কিন্তু অর্থদ্যোতকতা আছে।' আলোচনা কর। ৫

অথবা, (খ) ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ। (যেকোনো পাঁচটি)

কাজলকালো, পদচ্যুত, বেওয়ারিশ, হাভাত, ষড়ভুজ,
যুদ্ধবিরতি, জীবননদী।

৫। (ক) বাক্য কাকে বলে? গঠন অনুসারে বাক্য কত প্রকার ও কী কী
উদাহরণ লেখ। ৫

অথবা, (খ) বন্ধনীর নির্দেশ অনুসারে পাঁচটি বাক্য রূপান্তর কর (যেকোনো
পাঁচটি)

(i) ধার্মিকেরা সুখী। (জটিল)

(ii) জন্মভূমিকে সবাই ভালোবাসে। (নেতিবাচক)

(iii) সত্য কথা না বলে বিপদে পড়েছি। (যৌগিক)

(iv) যখনই বাইরে বের হলাম তখনই বৃষ্টি শুরু হলো। (সরল)

(v) বিপদে অধীর হতে নেই। (অনুজ্ঞা)

(vi) সে আজ বাড়ি যাবে না। (প্রশ্নসূচক)

(vii) আমি তোমার সাফল্য কামনা করি। (প্রার্থনাসূচক)

(viii) শীতে দরিদ্র মানুষের খুব কষ্ট হয়। (বিশ্ময়সূচক)

৬। (ক) যেকোনো পাঁচটি বাক্য শুদ্ধ করে লেখ : ৫

(i) সে আকর্ষণ পর্যন্ত পান করেছে।

(ii) এক অগ্রহায়নে শীত যায় না।

(iii) তিনি স্বল্পীক বেরাতে গিয়াছেন।

(iv) শুধুমাত্র তুমি গেলেই হবে।

(v) তার বৈরাট্রেয় সহোদর অসুস্থ।

(vi) এখানে খাঁটি গরুর দুধ পাওয়া যায়।

(vii) সব মাছগুলোর দাম কত ।

(viii) ইদানীংকালে তিনি আসেন না ।

অথবা, (খ) অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ কর :

তিনি আদালতে স্বশরীরে উপস্থিত হয়ে সাক্ষী দিলেন ।
আসামির অনুপস্থিতিতে বিচার চলছে । আগত রবিবারে সে
আসবে । আসামির উদ্ধতপূর্ণ আচরণ সকলকে ব্যাথিত
করেছে । অন্যায়ের প্রতিফল দুর্নিবার্য ।

খ-বিভাগ (নির্মিত)-৭০

৭। (ক) যেকোনো দশটি শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০

Interim, Witness, Subsidy, Phonology, Terminology,
Encyclopedia, Co-ordinator, Dialect, Hostage,
Manuscript, Goodwill, Worship.

অথবা, বাংলায় অনুবাদ কর :

The great defect of civilization is that it does not know how to
utilize the knowledge. Science has given us unlimited power
but we are wasting it. For example we can say about
machinery. Machines were invented to serve people, but now
people have become so much dependent on machines that
it has become the master's of them now. Now we cannot
work even play without the help of machines. Now it has
become must for the people to take care of the machinery.

৮। (ক) তোমার মাধ্যমিক পরীক্ষার ফলাফল প্রকাশের দিনের একটি
দিনলিপি রচনা কর । ১০

অথবা, (খ) তোমার কলেজে বাংলা নববর্ষ উদ্‌যাপন বিষয়ে একটি
প্রতিবেদন রচনা কর ।

৯। (ক) পরীক্ষায় ভালো ফল করায় অভিনন্দন জানিয়ে তোমার ছোটো বোনকে একটি খুদে বার্তা প্রেরণ কর। ১০

অথবা, (খ) ইভটিজিং প্রতিরোধকল্পে জনসচেতনতা গড়ে তোলার জন্য সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি পত্র লেখ।

১০। (ক) সারাংশ লিখ : ১০

খুব ছোট ছিদ্রের মধ্য দিয়ে যেমন সর্বালোক দেখা যায়, তেমনি ছোট ছোট কাজের ভিতর দিয়েও কোনো ব্যক্তির চরিত্র ফুটে ওঠে। বস্তুত মর্যাদাপূর্ণভাবে ও সুচারুরূপে সম্পন্ন ছোট ছোট কাজেই চরিত্রের পরিচয়। অন্যের প্রতি আমাদের ব্যবহার কিরূপ তাই হচ্ছে আমাদের চরিত্রের অন্যতম শ্রেষ্ঠ পরীক্ষা। বড়, ছোট ও সমতুল্যের প্রতি সুশোভন আচরণ আনন্দের নিরবচ্ছিন্ন উৎস।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :

জ্ঞান যেখানে সীমাবদ্ধ, বুদ্ধি যেখানে আড়ষ্ট-
মুক্তি সেখানে অসম্ভব।

১১। (ক) চাকরি ক্ষেত্রে ইংরেজির গুরুত্ব বিষয়ে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) 'ছোটো ও বড়োর উপকারে আসে' শিরোনামে একটি খুদে গল্প রচনা কর।

১২। যেকোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০

(ক) কৃষিকাজে বিজ্ঞান;

(খ) একুশ আমার অহংকার;

(গ) বাংলাদেশের পর্যটন শিল্প;

(ঘ) অপসংস্কৃতি ও আমাদের যুবসমাজ;

(ঙ) তোমার প্রিয় ব্যক্তিত্ব।